# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগর ভবন

৮১, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৯ম কর্পোরেশন সভার কার্য-বিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আনিসুল হক<br>মাননীয় মেয়র<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | ঃ | ০৬/০৪/১৪২৩ বঙ্গাব্দ<br>২১/০৭/২০১৬ খ্রিষ্টাব্দ |
| সময় | ঃ | বিকাল ০৪ : ০০ টা |
| স্থান | ঃ | উত্তরা কমিউনিটি সেন্টার,<br>(বাড়ী নং-২০, রোড-১৩/ডি, সেক্টর-৬, উত্তরা, ঢাকা-১২৩০) |

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র সভায় গুলশানে হলি আর্টিজেন বেকারীতে জঙ্গী হামলার ঘটনায় দুঃপ্রকাশ করেন এবং জঙ্গী হামলায় নিহতদের স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর ওয়ার্ড-৭ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবাশ্বের চৌধুরী দোয়া পাঠ করেন। মাননীয় মেয়র, সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ, ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ সবাইকে শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন।

মাননীয় মেয়র হলি আর্টিজেন বেকারীতে জঙ্গী হামলার দিন প্রধান নির্বাহী কর্মকর্তা ও ৪ জন সম্মানিত কাউন্সিলরসহ রাশিয়া অবস্থান করছিলেন। হামলার ঘটনা জানার পর পরই তিনি বাংলাদেশে চলে আসার উদ্যোগ গ্রহণ করেন। তিনি বাংলাদেশে এসে হামলার ঘটনায় নিহতদের পরিবারের সাথে দেখা করে সমবেদনা জানানোসহ লজিষ্টিক সার্পোর্ট দিয়েছেন এবং আহতদের দেখতে হাসপাতালে যান। তিনি ইতালি ও জাপানসহ বিভিন্ন দেশের কূটনীতিকগণের সাথে দেখা করে সমবেদনা জানান। তিনি বলেন, ৯/১১ এর ঘটনার মতো হলি আর্টিজেন বেকারীর ঘটনা পৃথিবীর পরিবেশ বদলে দিয়েছে। কাজেই উপস্থিত সকলকে নিজ নিজ অবস্থান থেকে সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান পূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত ২২/০৫/২০১৬ (মূলতবী সভা-৩১/০৫/২০১৬) তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ কর্পোরেশন সভা, ১৪/০৬/২০১৬ তারিখ অনুষ্ঠিত ৭ম কর্পোরেশন সভা এবং ২৩/০৬/২০১৬ তারিখ অনুষ্ঠিত ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে | প্রধান নির্বাহী কর্মকর্তা বিগত ২২/০৫/২০১৬ (মূলতবী সভা-৩১/০৫/২০১৬) তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ কর্পোরেশন সভা, ১৪/০৬/২০১৬ তারিখ অনুষ্ঠিত ৭ম কর্পোরেশন সভা এবং ২৩/০৬/২০১৬ তারিখ অনুষ্ঠিত ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। ৬ষ্ঠ, ৭ম, ও ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেন। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ৬ষ্ঠ, ৭ম ও ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ১। ৬ষ্ঠ, ৭ম ও ৮ম কর্পোরেশন সভার কার্য বিবরণী দৃঢ়করণ করা হলো।<br>২। ৬ষ্ঠ, ৭ম ও ৮ম কর্পোরেশন সভার যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন আছে তা যথাযথ তৎপরতায় সমাপ্ত করতে হবে। |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০২</td><td>জাতীয় শোক দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</td><td>জাতীয় শোক দিবস-২০১৬ পালনের নিমিত্ত অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির ১০/০৭/২০১৬ খ্রিঃ তারিখ এবং ১৭/০৭/২০১৬ তারিখ সভায় "১৫ আগষ্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া।" বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ডিএনসিসিকে দায়িত্ব প্রদান করা হয়েছে।<br><br>সভায় মেয়র জানতে চান গত বছর জাতীয় শোক দিবস কিভাবে পালন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শোক দিবস-২০১৫ উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক অনুষ্ঠানস্থল (বনানী কবরস্থান) এবং পাশ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ নগর ভবনে আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছিল।<br><br>জাতীয় শোক দিবস-২০১৬ পালনের নিমিত্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক করণীয় সম্পর্কিত আলোচনায় মাননীয় মেয়র বলেন, বিগত বছরের ন্যয় এ বছরও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল (বনানী কবরস্থান) এবং পাশ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি বলেন বনানী কবরস্থানকে সুন্দর করে সাজানোর পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।<br><br>১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আরো কি কি কর্মসূচি পালন করা হবে সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনায় অংশ নিয়ে ওয়ার্ড-২৮ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফোরকান হোসেন বলেন ১৫-৩০ আগষ্ট এর মধ্যে প্রতিটি ওয়ার্ডে, ওয়ার্ড ভিত্তিক আলোচনা ও দোয়া মাহফিল ও ডিএনসিসির পক্ষ থেকে ১৫,১৬ ও ১৭ আগষ্টে যে কোন একদিন বড় পরিসরে একটি আলোচনা ও দোয়া মাহফিল করা যায় মর্মে প্রস্তাব করেন। উপস্থিত সকল সম্মানিত কাউন্সিরর এ প্রস্তাব সমর্থন করেন।</td><td>১। বিগত বছরের ন্যায় এ বছরও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল (বনানী কবরস্থান) এবং পাশ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>খ) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩।<br>সার্বিক সহযোগিতায়-<br>ক) সকল বিভাগীয় প্রধান<br><br>২। ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ডিএনসিসির পক্ষ থেকে ১৫, ১৬ ও ১৭ আগষ্ট যে কোন একদিন আলোচনা সভা ও দোয়া মাহফিল করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br><br>৩। সম্মানিত কাউন্সিলরগণের স্ব-উদ্যোগে প্রতিটি ওয়ার্ডে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। ওয়ার্ড ভিত্তিক আলোচনা ও দোয়া মাহফিলে মাননীয় মেয়র এর উপস্থিতি নিশ্চত করার লক্ষে মাননীয় মেয়র এর একান্ত সচিবের সাথে সমন্বয় করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) সম্মানিত কাউন্সিলর (সকল)<br>খ) মেয়র এর একান্ত সচিব</td></tr>
<tr><td>০৩</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিক্রয়যোগ্য সকল ফরম জনস্বার্থে ফি ব্যতীত ওয়েবসাইটে ও ইন্টারনেটে প্রকাশ।</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিক্রয়যোগ্য সকল ফরম জনগণ যাতে সরাসরি কিংবা সহজভাবে সংগ্রহ করতে পারে, তার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল ফরম ডিএনসিসির ওয়েবসাইট ও ইন্টারনেটে প্রচার করা প্রয়োজন। যাতে সাধারণ জনগণ সহজে ডাউনলোড করতে পারে। ডিএনসিসির ভান্ডার ও ক্রয় বিভাগ থেকে নগদ মূল্যে নিম্নবর্ণিত ফরম বিক্রয় করা হয়ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>ফরমের বিবরণ</th><th>ফরমের মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>ট্রেড ও কলিং-এর লাইসেন্স-এর জন্য দরখাস্ত- (ফরম 'কে')</td><td>১০০/-</td></tr>
<tr><td>০২</td><td>কর নিরূপন ও বার্ষিক মূল্যায়নের বিরুদ্ধে আপত্তির দরখাস্ত-(ফরম 'পি')</td><td>১০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>নামজারীর আবেদন পত্র- (ফরম 'এম')</td><td>১০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>নকল চাহিবার আবেদন পত্র</td><td>১৫/-</td></tr>
<tr><td>০৫</td><td>সড়ক খননের দরখাস্ত পত্র (ব্যক্তি)</td><td>১০/-</td></tr>
<tr><td>০৬</td><td>সড়ক খননের দরখাস্ত পত্র (বিভিন্ন সংস্থা)</td><td>১০/-</td></tr>
<tr><td>০৭</td><td>দোকান বরাদ্দের আবেদন পত্র</td><td>১,০০০/-</td></tr>
</table>
২। ভান্ডার ও ক্রয় বিভাগ থেকে জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিক্রয়যোগ্য সকল ফরম জনস্বার্থে ডিএনসিসির ওয়েবসাইট ও ইন্টারনেটের মাধ্যমে জনসাধারণকে সরাসরি সংগ্রহ করে কার্যক্রম গ্রহণ করার জন্য আইসিটিসেল-কে ফরমসমূহ ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা নেয়া যেতে পারে।</td><td>১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিক্রয়যোগ্য সকল ফরম ডিএনসিসির ওয়েবসাইট ও ইন্টারনেটে প্রচার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা<br>খ) সিস্টেম এনালিষ্ট<br><br>২। দোকান বরাদ্দের আবেদন পত্র ব্যতীত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিক্রয়যোগ্য সকল ফরম মূল্য ব্যতীত প্রদান করা হবে।<br>৩। ট্রেড লাইসেন্স ফি, রাস্তা খনন ফিসহ বিভিন্ন প্রকার ফি বৃদ্ধি করার বিষয়ে সুপারিশ প্রণয়ন করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>খ) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান<br>গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</td></tr>
</table>

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | ৩। ফরমের কার্যক্রমের সহিত জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত ফরম সংক্রান্ত কার্য সম্পাদনের সময় সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে ফরমের মূল্য আদায় করা যেতে পারে।<br>সচিব সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে সিডিউল ও অন্যান্য ফরম বিক্রয় বাবদ ৪০ (চল্লিশ) লক্ষ টাকা আয় হয়েছিল। ২০১৬-২০১৭ অর্থ বছরে বাজেটে সিডিউল ও অন্যান্য ফরম বিক্রয় বাবদ আয়ের লক্ষমাত্রা ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ধরা হয়েছে। বিক্রয়যোগ্য এই ফরম বিনা মূল্যে প্রদান করা হলে এই ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বাজেট ঘাটতি দেখা দিতে পারে। এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সচিব বলেন, ফরম ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে, তবে মূল্য পরিশোধ কিভাবে হবে এবং ফরম ফ্রি দেয়া হবে কিনা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br>আলোচনায় ৩২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান বলেন সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান বিধায় ফরম ফ্রি দেয়া যেতে পারে এবং বিভিন্ন ফি (ট্রেড লাইসেন্স ফি, রাস্তা খনন ফি ইত্যাদি) বৃদ্ধি করা যেতে পারে। প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন দোকান বরাদ্দের আবেদন ফরমের মূল্য পূর্বের মতো নেয়া যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলেই একমত প্রকাশ করেন। | |
| ০৪ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা হয়। আলোচনায় মাননীয় মেয়র বলেন, তিনি হলি আর্টিজেন বেকারীতে জঙ্গী হামলার দিন প্রধান নির্বাহী কর্মকর্তা ও ৪ জন সম্মানিত কাউন্সিলরসহ কোরিয়া অবস্থান করছিলেন। তিনি বাংলাদেশে এসে হামলার ঘটনায় নিহতদের পরিবারের সাথে দেখা করে সমবেদনা জানানোসহ লজিষ্টিক সাপোর্ট দিয়েছেন এবং আহতদের দেখতে হাসপাতালে যান। তিনি ইতালি ও জাপানসহ বিভিন্ন দেশের কুটনৈতিকগণের সাথে দেখা করে সমবেদনা জানান। তিনি বলেন, ৯/১১ এর ঘটনার মতো হলি আর্টিজেন বেকারীর ঘটনা পৃথিবীর পরিবেশ বদলে দিয়েছে। কাজেই উপস্থিত সকলকে নিজ নিজ অবস্থান থেকে সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করেন। ইতোমধ্যে নিরাপত্তার স্বার্থে গণপরিবহন (বাস) বন্ধ করা হয়েছে এবং রিক্সা চলাচল সীমিত করা হয়েছে। তিনি বলেন গুলশান, বনানী, বারিধারা, নিকেতনসহ কুটনৈতিক এলাকায় আগামী ১ আগষ্ট থেকে ৩০-৪০টি এসি বাস চালু করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ডিএনসিসি কর্তৃক প্রণীত এ্যাপ এ একটি সিকিউরিটি সিষ্টেম চালু করা হচ্ছে। এর মাধ্যমে কেউ বিপদে পড়লে, তার আত্মীয়, বন্ধু ও পুলিশ দুই মিনিট পর পর এলার্ট মেসেজ পাবেন। তিনি আরো বলেন বিদেশিদের নিরাপত্তা নিশ্চিত করা আমাদের কর্তব্য।<br>মানীয় মেয়র আরো বলেন, গুলশান, বনানী, নিকেতন ও উত্তরা এলাকায় স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের ব্যবহৃত গাড়ীর পার্কিং এর কারণে যানজটের সৃষ্টি হচ্ছে। রাস্তায় গাড়ী পার্কিং না করতে কোচিং সেন্টার, স্কুল-কলেজ ও ইউনিভার্সিটিগুলিকে অনুরোধ করতে হবে। অনুরোধ না শুনলে প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>আলোচনায়, সংরক্ষিত আসন-১২ এর সম্মানিত কাউন্সিলর বেগম আলেয়া সারোয়ার ডেইজী বলেন, স্কুল-কলেজের গেট থেকে নিরাপদ দূরত্ব বজায় রেখে রিক্সা চলাচলের অনুমতি দেয়া যেতে পারে। সংরক্ষিত আসন-০১ এর সম্মানিত কাউন্সিলর শাহনাজ পরভীন বলেন, বড় বড় স্কুল, কলেজ ও রেস্টুরেন্ট, সকল কমিউনিটি সেন্টারে সিসিটিভি ক্যামেরা বসানো যেতে পারে। | ১। ডিএনসিসি'র সকল কমিউনিটি সেন্টারে সিসিটিভি ক্যামেরা বসানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)<br><br>২। গুলশান, বনানী, বারিধারা, নিকেতন ও উত্তরা এলাকায় স্কুল/কলেজ/ ইউনিভার্সিটি/কোচিং সেন্টার এর গাড়ী পার্কিং এর ফলে সৃষ্ট যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) সম্মানিত সংশ্লিষ্ট কাউন্সিলর<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১ ও ৩। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৫ | বিবিধ-কঃ সুয়ারেজ লাইনের স্লাব মেরামত | ক) রাস্তা-ঘাট ও সুয়ারেজ লাইনের স্লাব ভাঙ্গলে, তাৎক্ষণিক মেরামতের জন্য সম্মানিত কাউন্সিলরগণের অনুকূলে টাকা বরাদ্দ দেয়ার বিষয়ে ওয়ার্ড-১৪ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ হুমায়ুন রশীদ প্রস্তাব করেন। তিনি বলেন তার এলাকার অধিকাংশ রাস্তা খারাপ, সুয়ারেজ লাইনের স্লাব ভেঙ্গে গেছে। এগুলি দ্রুত ঠিক করা প্রয়োজন। এ কাজগুলি সম্পন্ন করার জন্য যে টার্ম ঠিকাদার ঠিক করা আছে, তারা সময়মত কাজ করে না। প্রধান প্রকৌশলী সম্মানিত কাউন্সিলরদের উদ্দেশ্যে বলেন, আঞ্চলিক অফিসে নির্বাহী প্রকৌশলীর দপ্তরে স্লাব ভাঙ্গার বিষয়টি অবহিত করলে, যত দ্রুত সম্ভব স্লাব ঠিক করে দেয়া হবে। তিনি আরো বলেন সুয়ারেজ লাইনের স্লাব এর পরিবর্তে স্টীলের ঢাকনা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, তখন স্লাব ভাঙ্গার অভিযোগ থাকবে না। এ বিষয়ে সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর শাহনাজ পরভীন বলেন খিলক্ষেত এলাকার সুয়ারেজ লাইনের স্লাব প্রায় সবই ভাঙ্গা জানুয়ারি-২০১৬ মাসে এ সকল স্লাব ঠিক করার জন্য আবেদন করেছি, এখন পর্যন্ত তা ঠিক হয় নি। ১৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জিন্নাত আলী বলেন এ সকল কাজ করার জন্য একটি ইমার্জেন্সী ডিপার্টমেন্ট রাখা প্রয়োজন। ৩৬ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব তৈমুর রেজা বলেন জরুরী কাজ করার জন্য টাকা বরাদ্দ দেয়া প্রয়োজন। ২৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম রতন বলেন, নগদ অর্থ বরাদ্দ দেয়া না হলে অভিযোগ করার ২৪ ঘন্টার মধ্যে ভাঙ্গা স্লাব ঠিক করে দেয়ার জন্য অনুরোধ করেন।<br><br>মাননীয় মেয়র জানতে চান জরুরী সংস্কার কাজ করার জন্য সম্মানিত কাউন্সিলরদের অনুকূলে ক্যাশ টাকা দেয়া যায় কিনা এবং টার্ম ঠিকাদার বাড়ানো যায় কিনা। জবাবে নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মদ আবুল কাশেম বলেন PPR অনুযায়ী ক্যাশ টাকা বরাদ্দ দেয়ার কোন সুযোগ নেই। এ সকল কাজ টার্ম ঠিকাদারদের মাধ্যমেই করাতে হবে। যেহেতু একটি অঞ্চলে নির্বাহী প্রকৌশলী এক জন সেহেতু ঠিকাদার বাড়ানোর কোন সুযোগ নেই।<br><br>জরুরী ভিত্তিতে সংস্কার কাজ করার বিষয়ে মাননীয় মেয়র প্রধান প্রকৌশলী, সম্মানিত কাউন্সিলর, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী এবং টার্ম ঠিকাদারদের সমন্বয়ে ২৪/০৭/২০১৬ তারিখ বা নিকটবর্তী সময়ে একটি সভা করার নির্দেশনা প্রদান করেন। | ১। সংস্কার কাজ জরুরী ভিত্তিতে করার বিষয়ে প্রধান প্রকৌশলী, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ, নির্বাহী প্রকৌশলী এবং টার্ম ঠিকাদারদের সমন্বয়ে ২৪/০৭/২০১৬ তারিখ বা নিকটবর্তী সময়ে একটি সভা করতে হবে।<br><br>বাস্তবায়নে-<br>ক) সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>খ) প্রধান প্রকৌশলী<br>গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (সকল) |
| | বিবিধ-খঃ হকার উচ্ছেদ প্রসঙ্গে | খ) হকার উচ্ছেদ প্রসঙ্গে আলোচনা হয়, আলোচনায় ওয়ার্ড-৩১ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শফিকুল ইসলাম ভ্যান গাড়ীর সাহায্যে যে সকল হকার বিভিন্ন জিনিষপত্র বিক্রয় করছে তাদের বিষয়ে বলেন, জনগণ বাস থেকে নেমেই বাজার করতে পারছে। ওয়ার্ড-১১ এর সম্মানিত কাউন্সিলর জনাব দেওয়ান আবদুল মান্নান বলেন, ডিএনসিসি এলাকা থেকে সব হকার তুলে দেয়া যেতে পারে।<br>মাননীয় মেয়র প্রধান প্রধান সড়ক থেকে হকার তুলে দেয়ার জন্য এবং অন্য সব এলাকার হকার উচ্ছেদ সম্পর্কে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন। | ১। ডিএনসিসি'র প্রধান প্রধান সড়ক থেকে হকার তুলে দিতে হবে।<br>২। ডিএনসিসি'র অন্য সব এলাকার হকার উচ্ছেদ সম্পর্কে পরবর্তী সভায় সিদ্ধান্ত গৃহীত হবে।<br>বাস্তবায়নকারী-<br>ক) সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দ<br>খ) সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ |
| | বিবিধ-গঃ ডিএনসিসির সেবামূলক/উন্নয়নমূলক কার্যক্রমের আন্ত:বিভাগীয় সমন্বয় প্রসঙ্গে | গ) ঢাকাক উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড-৬ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ রজ্জব হোসেন বলেন, পল্লবী এলাকার ১৬ নম্বর রাস্তার উন্নয়ন কাজ হচ্ছে না। রাস্তাটি উন্নয়ন করা বিশেষভাবে প্রয়োজন। প্রধান প্রকৌশলী বলেন রাস্তাটি রাজউক কর্তৃক বাস্তবায়িত হয়েছিলো বিধায় কাজ শুরু করতে সময় লাগছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় রাজউক কর্তৃক বাস্তবায়কৃত রাস্তাসমূহের উন্নয়ন কাজ পরিচালনার জন্য রাজউক এর সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যায় মর্মে মাননীয় মেয়র নির্দেশনা প্রদান করেন। | ১। ১০ম কর্পোরেশন সভায় রাজউক এর চেয়ারম্যানকে উপস্থিত থাকতে অনুরোধ করা যেতে পারে।<br>বাস্তাবায়নকারী-<br>সচিব<br>২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় রাজউক কর্তৃক বাস্তবায়নকৃত রাস্তাসমূহের তালিকা ১০ম কর্পোরেশন সভায় পেশ করবেন।<br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান প্রকৌশলী |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | সচিব সভায় অবহিত করেন যে, আগামী ১০ কর্পোরেশন সভার আলোচ্য সূচীভূক্ত করার লক্ষ্যে ডিএনসিসি অধিভূক্ত বিভিন্ন সেবা প্রদানকারী দপ্তর/সংস্থা ও অন্যান্য সরকারী দপ্তরসমূহের সাথে ডিএনসিসির সেবামূলক/উন্নয়নমূলক কার্যক্রমের আন্ত:বিভাগীয় সমন্বয়ের প্রয়োজন। এমন তথ্য প্রেরণের জন্য ইতোমধ্যে সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে পত্র প্রেরণের উদ্যোগ নেয়া হয়েছে। | |
| | বিবিধ-ঘঃ ডিএনসিসি এর আওতাধীন বাড়ী-ঘর ও মার্কেট রং করা প্রসঙ্গে | ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাস্তার পার্শ্বের সকল বাড়ী-ঘর ও মার্কেট রং করার বিষয়ে আলোচনা হয়। মাননীয় মেয়র বলেন, যে সকল বাড়ী-ঘর ও মার্কেট দুই বছরের মধ্যে রং করা হয়নি সে সকল বাড়ী-ঘর ও মার্কেটের রং করার জন্য বাড়ী-ঘর ও মার্কেটের মালিকদের অনুরোধ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন। | ১। ডিএনসিসি এলাকায় যে সকল বাড়ী-ঘর ও মার্কেট দুই বছরের মধ্যে রং করা হয়নি সে সকল বাড়ী-ঘর ও মার্কেটের রং করার জন্য বাড়ী-ঘর ও মার্কেটের মালিকদের অনুরোধ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী-<br>ক) সম্মানিত কাউন্সিলর (সকল)<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | বিবিধ-ঙঃ ডিএনসিসি এলাকার রাস্তা-ঘাট পরিস্কার পরিচ্ছন্ন করা প্রসঙ্গে | ঙ) ডিএনসিসি এলাকার রাস্তা-ঘাট পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা হয়। মাননীয় মেয়র বলেন, আগামী দুই মাসের মধ্যে রাস্তায় কোন ময়লা থাকবে না। পবিত্র ঈদ-উল-আজহার পর গত বছর ৩৬ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য পরিস্কার করা হয়েছে, এ বছর ২৪ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য পরিস্কার করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন। | ১। আগামী দুই মাস পর ডিএনসিসি এলাকায় রাস্তায় কোন ময়লা থাকতে পারবে না।<br>২। পবিত্র ঈদ-উল-আজহার পর ২৪ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য পরিষ্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>গ) বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি |
| | বিবিধ-চঃ মশক নিধন সম্পর্কিত | চ) মশক নিধন সম্পর্কিত আলোচনায় মাননীয় মেয়র বলেন, মশক নিয়ন্ত্রণ কার্যক্রম (মনিটরিং/সার্ভালেন্সসহ) খাতে ২০১৫-২০১৬ অর্থ বছরে বাজট বরাদ্দ ছিল ১১.৯৫ কোটি টাকা। এবছর (২০১৬-২০১৭ অর্থ বছরে) উল্লেখিত খাতে ২৩.২৫ কোটি টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ডিএনসিসি এলাকায় আগামী বছর মশার কোন উপদ্রব থাকতে পারবে না। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন। | ১। এ বছর ডিএনসিসি এলাকায় মশার কোন উপদ্রব থাকতে পারবে না। সে বিষয়ে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| | বিবিধ-ছঃ ডিএনসিসি এলাকায় উন্নয়নমূলক কার্য সম্পাদন সংক্রান্ত | ছ) ডিএনসিসি এলাকায় উন্নয়নমূলক কার্য সম্পাদনের বিষয়ে মাননীয় মেয়র বলেন আগামী বছরের সকল উন্নয়নমূলক কাজের সিডিউল তৈরী করা হয়েছে। প্রকৌশল বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত উন্নয়নমূলক কাজের সিডিউলে উল্লেখিত তারিখ অনুযায়ী কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন। | ১। যথা সময়ে উন্নয়নমূলক কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী-<br>ক) প্রধান প্রকৌশলী |

আর কোন আলোচনা না থাকায় মাননীয় মেয়র ও সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
১৬/০৮/২০১৬ খ্রিঃ
আনিসুল হক
মেয়র
ও
সভাপতি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.২০৭.০০৬.০৩.০০.২৪৩৮.২০১৬ - ১২৬৩

তারিখ- ১৮/০৮/২০১৬

<u>অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ</u>

১) মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১) সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং-............./সংরক্ষিত আসন নং.................।
২) বিভাগীয় প্রধান.........................................................।
৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল...............................।
৪) মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা'র স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬) সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।
৭) অফিস কপি।

১৮/৮/২০১৬

(মোঃ নবীরুল ইসলাম)
সচিব (উপসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন